



আল গাশিয়াহ

AlGhashia

الْغَاشِيَةِ

পরম করুণাময়, অশীম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি।

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. আপনার কাছে
আচ্ছন্নকারী কেয়ামতের
বৃত্তান্ত পৌঁছেছে কি?

1. Has there reached
you the news of the
overwhelming.

هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ

2. অনেক মুখমন্ডল সেদিন
লাঞ্ছিত হবে,

2. (Some) faces on that
Day shall be downcast.

وَجُوهٌ يَوْمَئِذٍ خَاشِعَةٌ

3. ক্লিষ্ট, ক্লান্ত।

3. Laboring, weary.

عَامِلَةٌ نَّاصِبَةٌ

4. তারা জ্বলন্ত আগুনে
পতিত হবে।

4. They will burn in
the hot blazing Fire.

تَصَلَّى نَارًا أَحَامِيَةً

5. তাদেরকে ফুটন্ত ঝর্ণা
থেকে পান করানো হবে।

5. They will be given
to drink from a boiling
fountain.

تُسْقَى مِنْ عَيْنٍ آنِيَةٍ

6. কাঁটাওয়ালা গাছ ছাড়া
তাদের জন্যে কোন খাদ্য
থাকবেনা।

6. No food for them
except from a thorny
dry grass.

لَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ
ضَرِيْعٍ

7. এটা তাদেরকে পুষ্টও
করবে না এবং ক্ষুধায় ও
মরবেনা।

7. Which will neither
nourish nor satisfy
against hunger.

لَا يُسْمِنُ وَلَا يُغْنِي مِنْ جُوعٍ

8. অনেক মুখমন্ডল সেদিন
হবে, সজীব,

8. (Other) faces on
that Day shall be
joyful.

وَجُوهٌ يَوْمَئِذٍ نَّاعِمَةٌ

9. তাদের কর্মের কারণে সন্তুষ্ট।

9. With their efforts, well pleased.

لَسَعِيهَا رَاضِيَةً ﴿٩﴾

10. তারা থাকবে, সুউচ্চ জালাতে।

10. In elevated Garden.

فِي جَنَّةٍ عَالِيَةٍ ﴿١٠﴾

11. সেখানে কোন অসার কথাবার্তা শুনবে না।

11. They shall not hear therein idle talk.

لَا تَسْمَعُ فِيهَا لَا غِيَةَ ﴿١١﴾

12. সেখানে প্রবাহিত ঝরণা থাকবে।

12. In it will be running spring.

فِيهَا عَيْنٌ جَارِيَةٌ ﴿١٢﴾

13. সেখানে উন্নত সুসজ্জিত আসন থাকবে।

13. In it there will be raised couches.

فِيهَا سُرُرٌ مَّرْفُوعَةٌ ﴿١٣﴾

14. এবং সংরক্ষিত পানপাত্র

14. And goblets set in place.

وَآكَوَابٌ مَّوْضُوعَةٌ ﴿١٤﴾

15. এবং সারি সারি গালিচা

15. And cushions ranged in rows.

وَنَمَارِقٌ مَّصْفُوفَةٌ ﴿١٥﴾

16. এবং বিস্তৃত বিছানো কার্পেট।

16. And fine carpets spread out.

وَزَرَائِبٌ مَبْنُوثَةٌ ﴿١٦﴾

17. তারা কি উষ্টের প্রতি লক্ষ্য করে না, তা কিভাবে সৃষ্টি করা হয়েছে?

17. Then do they not look at the camels, how they are created.

أَفَلَا يَنْظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ ﴿١٧﴾

18. এবং আকাশের প্রতি লক্ষ্য করে না, তা কিভাবে উচ্চ করা হয়েছে?

18. And at the sky, how it is raised high.

وَالِى السَّمَاءِ كَيْفَ رُفِعَتْ ﴿١٨﴾

19. এবং পাহাড়ের দিকে, তা কিভাবে স্থাপন করা হয়েছে?

19. And at the mountains, how they are firmly set.

وَالِى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ﴿١٩﴾

20. এবং পৃথিবীর দিকে, তা কিভাবে সমতল বিছানো হয়েছে?

20. And at the earth, how it is spread out.

وَالِى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ ﴿٢٠﴾

21. অতএব, আপনি উপদেশ দিন, আপনি তো

21. So remind (O Muhammad), you are

فَذَكِّرْ ﴿٢١﴾

কেবল একজন
উপদেশদাতা,

only an admonisher.

22. আপনি তাদের শাসক
নন,

22. You are not over
them a controller.

لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيِّرٍ ۝

23. কিন্তু যে মুখ ফিরিয়ে
নেয় ও কাফের হয়ে যায়,

23. But him who turns
away and disbelieves.

إِلَّا مَنْ تَوَلَّىٰ وَكَفَرَ ۝

24. আল্লাহ তাকে মহা
আযাব দেবেন।

24. Then Allah will
punish him with the
greatest punishment.

فَيُعَذِّبُهُ اللَّهُ الْعَذَابَ الْأَكْبَرَ ۝

25. নিশ্চয় তাদের
প্রত্যাবর্তন আমারই নিকট,

25. Indeed, to Us is
their return.

إِنَّ إِلَيْنَا أِيَابَهُمْ ۝

26. অতঃপর তাদের
হিসাব-নিকাশ আমারই
দায়িত্ব।

26. Then indeed, upon
Us is their account.

ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ۝

